ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০২৪/ ১৪৩২২ তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ০৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

কামিল শ্রেণিতে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে হলিয়ারপাড়া জামেয়া কাদেরিয়া সুন্নিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ এ.বি.কাপন, উপজেলাঃ জগন্নাথপুর, জেলাঃ সুনামগঞ্জ (HOLIARPARA JAMEYA KADERIA SUNNIYA FAZIL MADRASAH (EIIN-129972, CODE-18944) এর অধ্যক্ষের ১৪.০২.২০২৪ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির ধারা-১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ধারা-১৩ এর ঙ মোতাবেক মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্তে ২৭.০২.২০২৫ খ্রি. থেকে ২৬.০২.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে তাফসীর বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

**শর্তসমূহ:**

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে তাফসীর বিভাগ এর কার্যক্রম চালু হবে।
২. কামিল (স্নাতকোত্তর) শ্রেণিতে পাঠদানের জন্য অভিজ্ঞ শিক্ষক নিয়োগ দিতে হবে।
৩. ফাজিল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৪. মাদরাসার লাইব্রেরিতে রেফারেন্স বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং লাইব্রেরিতে পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা করতে হবে।
৫. আর্থিক লেনদেন কমিটির অনুমোদন স্বাপেক্ষে সম্পাদন করতে হবে এবং ক্যাশ কলামনার বহিসহ অন্যান্য রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। অনুমোদিত ভাউচার গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে।
৬. জমা জমি/সম্পদ সংক্রান্ত বিরোধ নিষ্পত্তিপূর্বক নিরাপত্তার স্বার্থে মাদরাসার পশ্চিমাংশে বাউন্ডারি ওয়ালের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৭. প্রতি আর্থিক বছরের শুরুতে সম্ভাব্য আয়-ব্যয়ের উপর ভিত্তি করে বাজেট প্রণয়ন করতে হবে।
৮. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

০৩/০৩/২৫
(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতি. দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
হলিয়ারপাড়া জামেয়া কাদেরিয়া সুন্নিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: এ.বি.কাপন, উপজেলা: জগন্নাথপুর, জেলাঃ সুনামগঞ্জ।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০২৪/ ১৪৩২২(৮) তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ০৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, হলিয়ারপাড়া জামেয়া কাদেরিয়া সুন্নিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: এ.বি.কাপন, উপজেলা: জগন্নাথপুর, জেলা: সুনামগঞ্জ।
৮। অফিস নথি।

০৩/০৩/২৫
(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৬৩৩-১৩৮২৭৩